সার্কুলার নং-বিজিএ/কাস/২০২৬/২৯৬ তারিখঃ ৪ নভেম্বর, ২০২৬

সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয়ঃ শুক্রবার, শনিবার ও সরকারী ছুটির দিনসমূহে চট্টগ্রাম বন্দর থেকে বিভিন্ন আমদানীকারকগণ কর্তৃক আনীত এলসিএল কার্গো দ্রুত ডেলিভারী নেওয়া প্রসঙ্গে।

সূত্রঃ চবকের পত্র নং-টিএম/এলসিএল/কার্গো/দ্রুত-ডেলিভারী/২১/২৯৪৬ তারিখঃ ০৩/১১/২০২৬ইং (কপি সংযুক্ত)।

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনাদের সদয় দৃষ্টি আকর্ষণ করছি। সূত্রোক্ত পত্র মারফত জানা যায় যে, গত ০৩/১১/২০২৬ইং তারিখে বন্দরের ১৪টি সিএফএস/শেড এলসিএল কার্গো দ্বারা পরিপূর্ণ ছিল যার অধিকাংশই বিজিএমইএ/বিকেএমইএ এর সদস্য প্রতিষ্ঠান কর্তৃক আমদানিকৃত। এ সকল সিএফএস/শেড থেকে এলসিএল কার্গো ডেলিভারী হয়ে খালিস্থান সৃষ্টি না হওয়াতে ২১২১ টিইউএস কন্টেইনার এলসিএল পণ্য আনস্টাফিং করা যাচ্ছে না। এ সকল এলসিএল পণ্য ডেলিভারী প্রদানের জন্য চট্টগ্রাম বন্দর শুক্রবার, শনিবার ও সরকারি ছুটির দিনসমূহে ২৪/৭ ভিত্তিতে খোলা রয়েছে।

এমতাবস্থায়, আপনাদের প্রতিষ্ঠান কর্তৃক আমদানিকৃত এলসিএল পণ্য জরুরী ভিত্তিতে খালাস করার নিমিত্তে সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করার জন্য বিশেষভাবে অনুরোধ করছি।

ধন্যবাদান্তে,

মেজর জেনারেল ড. মোঃ সাহেদুল ইসলাম (অবঃ)
মহা-সচিব

সংযুক্তিঃ সূত্রমতে।

BGMEA Complex, House # 7/7A, Block # H-1, Sector # 17, Uttara, Dhaka-1230, Bangladesh. Tel: +880 9638012345 | Hotline: +88 017 3044 2211 | E-mail: info@bgmea.com.bd | Web: www.bgmea.com.bd
Regional Office: BGMEA Bhaban (Level- 4 & 5), 669/E, Jhautala Road, South Khulshi, Chattogram. Tel: +880-2333379125-7 (PABX) | Fax: +880-2333379127 | E-mail: info@bgmeactg.org

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

টার্মিনাল ম্যানেজার এর দপ্তর

তারিখ ঃ ০৩/১১/২০২৬ খ্রীঃ

নং -টিএম/এলসিএল/কার্গো/দ্রুত-ডেলিভারী/২১ /২৯৪৬

বরাবর

১। প্রথম ভাইস প্রেসিডেন্ট
বিজিএমইএ, বিজিএমইএ রিজিওনাল অফিস
বিজিএমইএ ভবন, লেভেল-৪ ও ৫
৬৬৯/ই, কাউতলা রোড, দঃ খুলশী, চট্টগ্রাম।

২। সহ-সভাপতি
বিকেএমইএ
চেম্বার ভবন (৫ম তলা)
৩৮, আগ্রাবাদ বা/এ., চট্টগ্রাম।

বিষয় ঃ শুক্রবার, শনিবার ও সরকারী ছুটির দিনসমূহে চট্টগ্রাম বন্দর থেকে বিভিন্ন আমদানীকারকগণ কর্তৃক আনীত এলসিএল কার্গো দ্রুত ডেলিভারী নেওয়া প্রসঙ্গে।

সূত্র ঃ ক) টিএম/এলসিএল/দ্রুত ডেলিভারী/২০২১, ০১/০৪/২০২৪, ১৫/০৫/২০২৪, ১৩/০৬/২০২৪, ২২/০৮/২০২৪, ১৩/০১/২০২৫, ১৯/০২/২০২৫, ০৩/০৪/২০২৫, ০২/০৬/২০২৫, ২৯/০১/২০২৬, ০৩/০৩/২০২৬, ১৩/১০/২০২৬ ও ২৫/১০/২০২৬ খ্রীঃ।
খ)টিএম/এলসিএল/নৌপম/উপদেষ্টাকমিটি/সিদ্ধান্তবাস্তবায়ন/২১/৭৮৬,তারিখঃ ০৭/০৩/২০২১, ১৮/০৫/২০২২ ও ০৬/১১/২০২২ খ্রীঃ।

উল্লেখিত বিষয়ে আপনাদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অদ্য ০৩/১১/২০২৬ ইং তারিখে চট্টগ্রাম বন্দরের ১৪ টি সিএফএস/শেড এলসিএল কার্গো দ্বারা পরিপূর্ণ রয়েছে যার অধিকাংশই বিজিএমই/বিকেএমইএ এর সদস্য প্রতিষ্ঠান কর্তৃক আমদানীকৃত। এ সকল সিএফএস/শেড হতে এলসিএল কার্গো ডেলিভারী হয়ে খালিস্থান সৃস্টি না হওয়াতে আনস্টাফিং এর অপেক্ষায় থাকা ২১২১ টিইউএস কন্টেইনার থেকে এলসিএল কার্গো আনস্টাফিং করে সিএফএস/শেড সমূহে সংরক্ষন করা যাচ্ছে না। চট্টগ্রাম বন্দর অভ্যন্তরে স্থিত বিভিন্ন আমদানীকারক কর্তৃক আমদানীকৃত এলসিএল কার্গো ডেলিভারী গ্রহণের লক্ষ্যে চট্টগ্রাম বন্দর **শুক্রবার, শনিবার ও সরকারী ছুটির দিনসমূহে ২৪/৭ খোলা রয়েছে।**

এমতাবস্থায়, আপনাদের সদস্য প্রতিষ্ঠান কর্তৃক আমদানীকৃত সিএফএস/শেডে স্থিত এলসিএল কার্গো জরুরী ভিত্তিতে ডেলিভারী নেওয়ার প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা গেল। এ ব্যাপারে আপনাদের সহযোগীতা একান্ত কাম্য।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।
বিষয়টি অতীব জরুরী।

সহঃ টার্মিনাল ম্যানেজার (সিএফএস)
পক্ষে, টার্মিনাল ম্যানেজার
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

অনুলিপিঃ জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে।
১। সকল সদস্য, চবক এর সদয় অবগতির জন্য দেয়া গেল।
২। কমিশনার অব কাষ্টমস্, কাষ্টম হাউস, চট্টগ্রাম এর সদয় অবগতির জন্য দেয়া গেল।
৩। পরিচালক (ট্রাফিক), চবক এর সদয় অবগতির জন্য দেয়া গেল।
৪। পরিচালক (নিরাপত্তা), চবক এর সদয় অবগতির জন্য দেয়া গেল।
৫। প্রেসিডেন্ট, এফবিসিসিআই, ফেডারেশন ভবন (২য় তলা), ৬০, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০ -অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা গেল ।
৬। সভাপতি, বিকেএমইএ, ২৩৩/১, বি বি রোড প্রেস ক্লাব ভবন (১ম ও ৩য় তলা) নারায়ণগঞ্জ-১৪০০- অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা গেল।
৭। প্রেসিডেন্ট, চিটাগাং চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রি, চেম্বার হাউস, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম -অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা গেল।
৮। চেয়ারম্যান, বাংলাদেশ কন্টেইনার শিপিং এসোসিয়েশন (বিসিএসএ),এস এইস টাওয়ার, ৩২০, শেখ মুজিব রোড, আগ্রাবাদ (সি/এ), চট্টগ্রাম অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা গেল।
৯। প্রেসিডেন্ট, বাংলাদেশ ফ্রেইট ফরওয়ার্ডার্স এসোসিয়েশন, আনোয়ার টাওয়ার, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম - অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা গেল।
১০। সভাপতি, চট্টগ্রাম সিএন্ডএফ এজেন্টস এসোসিয়েশন, সিএন্ডএফ টাওয়ার, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম - অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা গেল।
১১। পিএস টু চেয়ারম্যান: চেয়ারম্যান, চবক মহোদয়ের সদয় অবগতির জন্য দেয়া গেল।

03/11/2026
সহঃ টার্মিনাল ম্যানেজার (সিএফএস)
পক্ষে, টার্মিনাল ম্যানেজার
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ।

পরিচালক (নিরাপত্তা)/ভিসি
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ।

পরিচালক (ট্রাফিক)
এল,সি,এল প্ল্যানিং শাখা
টার্মিনাল ম্যানেজারের দপ্তর
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

Shaheen
Pls circulate
4/11/2026